গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১।

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত এডিপিভুক্ত প্রকল্পসমূহের মে, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

১৯/০৬/২০১৬ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের মে,২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ আব্দুল জলিল।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযোজিত।

৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত বাজেট ৪৯৪.৪০৬২ লক্ষ টাকা (অনুন্নয়ন ১৯৫.৫৭৬২ লক্ষ টাকা+ উন্নয়ন ২৯৮.৮৩ লক্ষ টাকা)। উল্লেখ্য, ২০১৫-২০১৬ অর্থ বছরের মূল এডিপিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত ৫টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ছিল ২২৫৮৭.০০ লক্ষ টাকা এবং অননুমোদিত প্রকল্পসমূহের জন্য ২৬০০.০০ লক্ষ টাকা থোক বরাদ্দ ছিল। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত এডিপিতে অনুমোদিত ০৫টি এবং অননুমোদিত ১৩টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। সংশোধিত এডিপিভুক্ত অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দ রয়েছে ২৯৮৮৩.০০ লক্ষ টাকা। মে,২০১৬ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১৬৮১৫.০০ লক্ষ টাকা (৫৬.২৬%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১৬৬২২.২৯ লক্ষ টাকা (৫৫.৬২%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পঃ** সভায় জানানো হয় যে, ডাটা-বেইজ তৈরীর জন্য তথ্য সংগ্রহ করা হচ্ছে। সভাপতি প্রকল্পটির আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের নাম ও ঠিকানা, ছাত্র-ছাত্রীদের নাম এবং শিক্ষক/শিক্ষিকার নাম, শিক্ষাগত যোগ্যতা এবং মোবাইল নম্বর ইত্যাদি তথ্যাদি সম্বলিত ডাটা বেইজ তৈরীর কার্যক্রম জোরদারকরণ এবং অতিদ্রুত তা সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ক) ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের শিক্ষা কেন্দ্রসমূহের নাম ও ঠিকানা, ছাত্র-ছাত্রীদের নাম এবং শিক্ষক/শিক্ষিকার নাম, শিক্ষাগত যোগ্যতা এবং মোবাইল নম্বর ইত্যাদি তথ্যাদি সম্বলিত ডাটা বেইজ তৈরীর কার্যক্রম জোরদারকরণ এবং অতিদ্রুত তা সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.২ | **বিবিধ :** ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন অনুমোদিত ৫টি প্রকল্পের অর্থ ছাড়, নির্ধারিত সময়ের মধ্যে সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক অর্থ ব্যয় এবং অব্যায়িত অর্থ ৩০ জুন'২০১৬ এর মধ্যে ফেরত দেয়ার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের অর্থ ছাড়, সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক অর্থ ব্যয় এবং অব্যায়িত অর্থ ৩০ জুন'২০১৬ এর মধ্যে ফেরত দেয়ার সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের অর্থ ছাড়, সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক অর্থ ব্যয় এবং অব্যায়িত অর্থ ৩০ জুন'২০১৬ এর মধ্যে ফেরত প্রদানের বিষয়ে সকল প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রকল্প পরিচালক (সকল) |
| ৩.৩ | **নতুন অননুমোদিত প্রকল্পঃ** "ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমীর কমপ্লেক্স স্থাপন" শীর্ষক প্রকল্পটির স্থান নির্বাচন কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্পটির বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড সভায় অনুমোদন গ্রহণ এবং অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশ অনুযায়ী ডিপিপি পুনর্গঠন পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | "ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমীর কমপ্লেক্স স্থাপন" শীর্ষক প্রকল্পটির স্থান নির্বাচন কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্পটির বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড সভায় অনুমোদন গ্রহণ এবং অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশ অনুযায়ী ডিপিপি পুনর্গঠন পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩.৪ | "ইসলামিক ফাউন্ডেশনের জেলা ভবন নির্মাণ (২য় পর্যায়) প্রকল্প" এবং "৩টি পার্বত্য জেলা ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম" শীর্ষক প্রকল্প ২টির ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | "ইসলামিক ফাউন্ডেশনের জেলা ভবন নির্মাণ (২য় পর্যায়)" প্রকল্প এবং "৩টি পার্বত্য জেলা ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম" শীর্ষক প্রকল্প ২টির ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |

(অপর পৃষ্ঠায় দ্র:)

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | **উপজেলা ভিত্তিক ১টি করে মডেল মসজিদ ও ইসলামিক ফাউন্ডেশনের অফিস ভবন স্থাপন প্রকল্প (১ম পর্যায়) :** প্রকল্পটির বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালককে অনুরোধ জানানো হয়। | উপজেলা ভিত্তিক ১টি করে মডেল মসজিদ ও ইসলামিক ফাউন্ডেশনের অফিস ভবন স্থাপন প্রকল্প (১ম পর্যায়) প্রকল্পটির বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩.৬ | **"২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্‌ফ ভবনের উর্ধ্বমুখী ৫টি ফ্লোর নির্মাণ" প্রকল্প :** ওয়াক্‌ফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে প্রস্তাবিত এ প্রকল্পের বিষয়ে অর্থ বিভাগের মনিটরিং সেলের চাহিত তথ্যাদি নির্ধারিত ছকে অতিদ্রুত অর্থ বিভাগে প্রেরণ এবং ছাড়পত্র গ্রহণের বিষয়ে ওয়াক্‌ফ প্রশাসক এবং মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব(উন্নয়ন)-কে মনিটরিং সেলের সাথে যোগাযোগ রক্ষার জন্য সভাপতি নিদের্শনা প্রদান করেন। | অর্থ বিভাগের মনিটরিং সেলের চাহিত তথ্যাদি নির্ধারিত ছকে অতিদ্রুত অর্থ বিভাগে প্রেরণ এবং ছাড়পত্র গ্রহণের বিষয়ে ওয়াক্‌ফ প্রশাসক এবং মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব(উন্নয়ন) মনিটরিং সেলের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন। | ওয়াক্‌ফ প্রশাসক ও যুগ্ম-সচিব (উন্নয়ন) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ/-৩০/০৬/২০১৬ খ্রিঃ
মোঃ আব্দুল জলিল
ভারপ্রাপ্ত সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/১০২৬ তারিখঃ ১১.০৭.২০১৬ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতাক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট শাখা-২৩)
০৩। অতিরিক্ত সচিব, প্রশাসন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। যুগ্ম-সচিব(সংস্থা/উন্নয়ন/হজ্জ/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। ওয়াক্‌ফ প্রশাসক, ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়,নিউ স্কাটন, ঢাকা।
০৭। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৮। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর,ঢাকা।
১০। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, ''মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়''শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক ''প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা'' শীর্ষক প্রকল্প,বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক, ''ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ''শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৮। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৯। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন,আগারগাঁও, ঢাকা।
২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
২১। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
২২। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
২৩। অফিস কপি/গার্ড ফাইল।

শেখ শামছুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৭২৩৭